



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# তথ্য অধিদফতর

PRESS INFORMATION DEPARTMENT, GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH



তথ্যবিবরণী

নম্বর-০০৮

কৃষিমন্ত্রী আগামীকাল রাজশাহী আসছেন

রাজশাহী; ২৮ আষাঢ় (১২ জুলাই):

কৃষিমন্ত্রী ড. মো: আব্দুর রাজ্জাক, এমপি একদিনের সরকারি সফরে আগামীকাল বৃহস্পতিবার (১৩ জুলাই) রাজশাহী আসবেন। তিনি বিমানযোগে সকাল সোয়া আটটায় রাজশাহী এসে পৌঁছবেন।

এদিন সকাল নয়টায় মন্ত্রী রাজশাহী হতে চাঁপাইনবাবগঞ্জের উদ্দেশ্যে যাত্রা করবেন। মন্ত্রী সকাল দশটায় চাঁপাইনবাবগঞ্জ জেলার নাচোল উপজেলায় আমবাগান এবং আমচাষী রফিকুল ইসলামের বাগান পরিদর্শন করবেন। দুপুর বারোটায় কানসার্ট উপজেলায় কানসার্ট ইউনিয়নে আজান ট্রেড ইন্টারন্যাশনাল এর মাল্টি-কোল্ড স্টোরেজ এবং ছত্রাজিতপুর পলিনেট হাউজ পরিদর্শন করবেন। বিকাল তিনটায় মন্ত্রী আঝগলিক উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র, বিএআরআই, চাঁপাইনবাবগঞ্জে আম উৎপাদন ও বিপণন বিষয়ে কর্মশালায় যোগদান করবেন। বিকাল সাড়ে চারটায় চাঁপাইনবাবগঞ্জ হতে রাজশাহীর উদ্দেশ্যে রওয়ানা হবেন।

এদিন বিকাল সোয়া ছয়টায় মন্ত্রী বিমানযোগে ঢাকার উদ্দেশ্যে রাজশাহী ত্যাগ করবেন।

.....  
তোহিদ/সিকান্দার/রঞ্জল/হালিম/২০২৩/১৪.৪৫৭.